গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.১১০.২৭.০৬২.১৬ (অংশ ১).২০১ তারিখ: ২৫ আশ্বিন ১৪২৬ / ১০ অক্টোবর ২০১৯

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর প্রথম কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে অনুষ্ঠিত 'নৈতিকতা কমিটি'-এর সভার কার্যবিবরণ**

| | | |
|---|---|---|
| সভার সভাপতি | : | আখতার হোসেন ভূইয়া<br>সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ৩ অক্টোবর ২০১৯, সকাল ১১:০০ টা। |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, প্রতিরক্ষা মন্ত্রণালয়। |
| সভার উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-'ক'। |

২. সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, সরকার উন্নত বাংলাদেশ গড়ার একটি মহৎ উদ্দেশ্য নিয়েই জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। তিন আরও বলেন, মন্ত্রণালয়ের পরিকল্পনা ও বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য শুদ্ধাচারের বিভিন্ন কৌশল কাজে লাগাতে হবে। এর ফলে সার্বিক নাগরিক সেবা নিশ্চিত করা যাবে। এ ক্ষেত্রে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করার জন্য সকল প্রতিষ্ঠানের প্রতি আবেদন জানান। তিনি এ মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন।

৩. অতঃপর সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণয়নকৃত কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর প্রত্যেক কোয়ার্টারের অগ্রগতি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। এ পর্যায়ে তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপন করেন।

৪. আলোচ্য বিষয় (১): গত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়করণ:

৪.১ গত ০২ জুলাই ২০১৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর চতুর্থ কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণ সকলকে অবহিত করা হলে কারও কোন আপত্তি/সংশোধন না থাকায় তা নিশ্চিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৫. আলোচ্য বিষয় (২): মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনার প্রথম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর ২০১৯) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

৫.১ এ প্রসঙ্গে সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২০১৯-২০ মেয়াদের কর্মপরিকল্পনার যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। কর্মপরিকল্পনার প্রতিষ্ঠানিক ব্যবস্থা, দক্ষতা ও নৈতিকতা উন্নয়ন, তথ্য অধিকার, ইগভর্নেন্স (E-Governance), সচেতনতা বৃদ্ধি, উদ্ভাবনী উদ্যোগ ও সেবা সহজীকরণ বিষয়ে কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হলে তা শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখবে। সভায় সেনাবাহিনীর ফোকাল পয়েন্ট তার অফিসে প্রয়োগকৃত শুদ্ধাচারের কৌশল তুলে ধরেন। তাছাড়া এমআইএসটি, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অফিস, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজের প্রতিনিধিগন উদ্ভাবিত নতুন আইডিয়া সকলকে অবহিত করেন। সভাপতি তাঁদের সৃষ্টিশীল ধারনার জন্য সন্তোষ প্রকাশ করেন এবং এ ধারা অব্যাহত রাখা ও সকল প্রতিষ্ঠানকে শুদ্ধাচারের আলোকে পরিচালনার উপর গুরুত্বারোপ করেন। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক উল্লেখ করে বলেন, প্রথমে আমাদের নিজ নিজ অবস্থান থেকে সততা ও নৈতিকতার সাথে নিজের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে। বিস্তারিত আলোচনা শেষে ১ম কোয়ার্টারের বাস্তাবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে অনুমোদন প্রদান করা হয়।

৬. বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৬.১ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ক্ষেত্রে সবাইকে আরও আন্তরিকতার সাথে অগ্রণী ভূমিকা পালন করতে হবে;

৬.২ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ১ জুলাই ২০১৯ থেকে ৩০ জুন ২০২০ মেয়াদের কর্ম-পরিকল্পনার (NIS Work Plan) প্রথম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর ২০১৯) বাস্তবায়ন অগ্রগতি নির্ধারিত ছক অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা যেতে পারে।

৭. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
০৯.১০.২০১৯
( আখতার হোসেন ভূইয়া )
সচিব
এবং
সভাপতি
নৈতিকতা কমিটি
প্রতিরক্ষা মন্ত্রণালয়

নম্বর ২৩.০০.০০০০.১১০.২৭.০৬২.১৬ (অংশ ১).২০১ তারিখ: ২৫ আশ্বিন ১৪২৬ / ১০ অক্টোবর ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(১) সচিব সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী, সিনিয়র সহকারী সচিব)
(২) সেনাসদর, জি এস শাখা, এস ডি পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৩) পরিচালক, পরিকল্পনা পরিদপ্তর, নৌসদর, বনানী, ঢাকা।
(৪) বিমান সদর, প্রশাসনিক সমন্বয় পরিদপ্তর, প্রশাসনিক শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৫) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(৬) কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা
(৭) সভাপতি ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ, এ জি'র শাখা (সমন্বয়) সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৮) মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিসেস মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৯) কমান্ড্যান্ট, সামরিক বাহিনী কমান্ড এন্ড ষ্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
(১০) কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস
(১১) মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, নতুর বিমান বন্দর সড়ক, ঢাকা
(১২) চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), আগারগাঁও, ঢাকা
(১৩) কমান্ড্যান্ট, এম আই এস টি, মিরপুর সেনানিবাস, ঢাকা
(১৪) কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, ঢাকা সেনানিবাস, ঢাকা
(১৫) মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(১৬) মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর, উত্তরা, ঢাকা।
(১৭) সার্ভেয়ার জেনারেল, সার্ভে অব বাংলাদেশ, তেজগাঁও, ঢাকা
(১৮) সিজিডিএফ, সিজিডিএফ এর কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা
(১৯) পরিচালক, পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি'র শাখা, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২০) পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা

(২১) মহাপরিচালক, প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২২) প্রেসিডেন্ট, আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২৩) পরিচালক, গুপ্তসংকেত পরিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা
(২৪) অধিনায়ক, এম ও ডি সি, রাজেন্দ্রপুর সেনানিবাস গাজীপুর
(২৫) পরিচালক, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২৬) পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, কাকরাইল, ঢাকা

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (অনুবিভাগ-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(মোঃ খায়রুল আলম)
যুগ্মসচিব
এবং
ফোকাল পয়েন্ট
নৈতিকতা কমিটি
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ফোন: ৯১১৩১২৫